# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০]

২. কিতাবুল ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ঈমান, ইসলাম ও ইহসান সম্পর্কে জিবরীলের প্রশ্ন

بَابُ سُؤَالِ جِبْرِيلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الإِيمَانِ وَالإِسْلاَمِ وَالإِحْسَانِ وَعِلْمِ السَّاعَةِ

আরবী

ـ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ النَّبِيُّ بَارِزًا يَوْمًا لِلنَّاسِ فَأَتَاهُ جِبْرِيلُ فَقَالَ: مَا الإِيمَانُ؟ قَالَ الإِيمَانُ أَنْ تُؤْمِنَ بِاللَّهِ وَمَلاَئِكَتِهِ وَكُتُبِهِ وَبِلِقَائِهِ وَرُسُلِهِ، وَتُؤْمِنَ بِالْبَعْثِ. قَالَ: مَا الإِسْلاَمُ؟ قَالَ الإِسْلاَمُ أَنْ تَعْبُدَ اللَّهَ وَلا تُشْرِكَ بِهِ شَيْئًا، وَتُقِيمَ الصَّلاَةَ، وَتُؤَدّيَ الزَّكَاةَ الْمَفْرُوضَةَ، وَتَصُومَ رَمَضَانَ. قَالَ: مَا الإِحْسَانُ؟ قَالَ أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ، فَإِنْ لَمْ تَكُنْ تَرَاهُ، فَإِنَّهُ يَرَاكَ. قَالَ: مَتَى السَّاعَةُ؟ قَالَ مَا الْمَسْئُولُ عَنْهَا بِأَعْلَمَ مِنَ السَّائِلِ، وَسَأُخْبِرُكَ عَنْ أَشْرَاطِهَا: إِذَا وَلَدَتِ الأَمَةُ رَبَّهَا، وَإِذَا تَطَاوَلَ رُعَاةُ الإِبِلِ الْبُهْمُ فِي الْبُنْيَانِ، فِي خَمْسٍ لا يَعْلَمُهُنَّ إِلا اللَّهُ. ثُمَّ تَلا النَّبِيُّ : ﴿إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ﴾ الآيَةَ، ثُمَّ أَدْبَرَ فَقَالَ رُدُّوهُ. فَلَمْ يَرَوْا شَيْئًا. فَقَالَ هَذَا جِبْرِيلُ جَاءَ يُعَلِّمُ النَّاسَ دِينَهُمْ. (بخارى:)

বাংলা

৪৭) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মানুষের সামনে বসা ছিলেন। এমন সময় সেখানে জিবরীল ফেরেশতা উপস্থিত হলেন। অতঃপর বললেনঃ হে মুহাম্মাদ! আমাকে ঈমান সম্পর্কে কিছু বলুন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ উহা হল (১) দৃঢ়ভাবে আল্লাহর উপর (২) তাঁর ফেরেস্তাদের উপর (৩) তাঁর কিতাবসমূহের উপর (৪) তাঁর রাসূলদের উপর (৫) আখিরাত তথা শেষ দিবসের উপর এবং (৬) তাকদীরের ভাল-মন্দের উপর ঈমান আনয়ন করা।

অতঃপর জিবরীল বললেনঃ ইসলাম কাকে বলে আমাকে বলুন। উত্তরে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ ইসলাম হচ্ছে (১) এই সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ছাড়া কোন সত্য মা’বুদ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর রাসূল। (২) সালাত কায়েম করা। (৩) যাকাত আদায় করা। (৪) রামাযান মাসের রোযা

রাখা। (৫) সামর্থ্য থাকলে আল্লাহর ঘরের হজ্জ করা।

জিবরীল আবার বললেনঃ আমাকে ইহসান সম্পর্কে কিছু বলুন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ ইহসান হল, তুমি এমনভাবে আল্লাহর ইবাদত করবে যেন তাঁকে তুমি দেখতে পাচ্ছ। যদি তাঁকে দেখতে না পাও তবে বিশ্বাস করবে যে তিনি তোমাকে অবশ্যই দেখছেন।

অতঃপর তিনি জিজ্ঞেস করলেনঃ কিয়ামত কখন হবে? উত্তরে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ এ সম্পর্কে যাকে জিজ্ঞেস করা হয়েছে তিনি জিজ্ঞেসকারী অপেক্ষা অধিক জ্ঞাত নন। তিনি বললেনঃ তবে তার নিদর্শন (আলামত) সম্পর্কে কিছু বলুন। তিনি বললেনঃ যখন তুমি দেখবে যে, দাসী তার মনিবকে প্রসব করছে এবং কালো উটের রাখালরা উঁচু উঁচু দালান নির্মাণ করছে। কিয়ামতের জ্ঞান ঐ পাঁচটি গায়েবী বিষয়ের অন্তর্ভূক্ত যা আল্লাহ ছাড়া কেউ জানেনা। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরআনের এই আয়াতটি তেলাওয়াত করলেনঃ

﴿إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ وَيَعْلَمُ مَا فِي الْأَرْحَامِ وَمَا تَدْرِي نَفْسٌ مَاذَا تَكْسِبُ غَدًا وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ﴾

“মহান আল্লাহর কাছেই রয়েছে কিয়ামতের জ্ঞান। তিনিই বৃষ্টি বর্ষণ করেন এবং গর্ভাশয়ে যা থাকে তা জানেন। কেউ জানেনা যে আগামীকাল সে কি উপার্জন করবে এবং কেউ জানেনা কোন স্থানে সে মৃত্যুবরণ করবে। আল্লাহ সর্বজ্ঞ এবং সর্ববিষয়ে সম্যক অবগত”। (সূরা লুকমানঃ ৩৪)

এরপর আগন্তক ফেরেশতা (জিবরীল) চলে গেলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তাঁকে ডেকে আন। সাহাবীগণ আর তাঁর সন্ধান পেলেন না। তিনি বললেনঃ তিনি ছিলেন জিবরীল (আঃ)। তিনি এসেছিলেন মানুষদেরকে দ্বীন শিক্ষা দিতে।

## English

The asking of (angel) Jibrll (Gabriel) from the Prophet (saws) about Iman, Islam, Ihsan and the knowledge of the Hour

Narrated Abu Huraira:

One day while the Prophet (ﷺ) was sitting in the company of some people, (The angel) Gabriel came and asked, "What is faith?" Allah's Messenger (ﷺ) replied, 'Faith is to believe in Allah, His angels, (the) meeting with Him, His Apostles, and to believe in Resurrection." Then he further asked, "What is Islam?" Allah's Messenger (ﷺ) replied, "To worship Allah Alone and none else, to offer prayers perfectly to pay the compulsory charity (Zakat) and to observe fasts during the month of Ramadan." Then he further asked, "What

is Ihsan (perfection)?" Allah's Messenger (ﷺ) replied, "To worship Allah as if you see Him, and if you cannot achieve this state of devotion then you must consider that He is looking at you." Then he further asked, "When will the Hour be established?" Allah's Messenger (ﷺ) replied, "The answerer has no better knowledge than the questioner. But I will inform you about its portents.

1. When a slave (lady) gives birth to her master.

2. When the shepherds of black camels start boasting and competing with others in the construction of higher buildings. And the Hour is one of five things which nobody knows except Allah.

The Prophet (ﷺ) then recited: "Verily, with Allah (Alone) is the knowledge of the Hour--." (31. 34) Then that man (Gabriel) left and the Prophet (ﷺ) asked his companions to call him back, but they could not see him. Then the Prophet (ﷺ) said, "That was Gabriel who came to teach the people their religion." Abu 'Abdullah said: He (the Prophet) considered all that as a part of faith.

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৮
ইসলামিক সেন্টারঃ ৪৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88742

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন